

রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবন

MOCK TEST 2023

BENGALI (SEMESTER VI)

PAPER-1 (CC13 & CC14)

FULL MARKS- 50, TIME- 2 HOURS

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:-

১০X৪=৪০

ক) ইংরেজি সাহিত্যে ডিকেন্সের জনপ্রিয়তার কারণ কি? এ বিষয়ে শরৎচন্দ্রের সঙ্গে তাঁর তুলনা কতদূর সঙ্গত আলোচনা কর।

অথবা, খ) গীতিকবি হিসেবে ওয়ার্ডসওয়ার্থের কবি বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর মিল কোথায় তা আলোচনা কর।

গ) অসমীয়া সাহিত্যের ইতিহাসে কথাসাহিত্যিক লক্ষ্মীনাথ বেজবরণ্যার অবদান আলোচনা কর।

অথবা, ঘ) অসমীয়া নাট্যসাহিত্যে জ্যোতিপ্রসাদ আগরওয়ালের অবদান আলোচনা কর।

ঙ) মুজতবা আলীর ‘দেশে বিদেশে’ রচনাটির অন্যতম আবেদন এর সরস, মেধাবী ও বর্ণময় রচনাভঙ্গি।— গ্রন্থটি অবলম্বনে তা আলোচনা কর।

অথবা, চ) ‘দেশে বিদেশে’ গ্রন্থটি ভ্রমণসাহিত্যের আবেদনকে কতখানি পরিপূর্ণ করেছে, তা আলোচনা কর।

ছ) ‘হে পূর্ণ তব চরণের কাছে’ গ্রন্থে হিমালয়ের বিরাটত্ব, সৌন্দর্য ও মহিমা লেখিকার কাছে কিভাবে ধরা দিয়েছে, তার পরিচয় দাও।

অথবা, জ) ‘হে পূর্ণ তব চরণের কাছে’ গ্রন্থ অবলম্বনে লেখিকার কয়েকটি অভিজ্ঞতা বিবৃত কর।

২। নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যেকোনো ২টি প্রশ্নের উত্তর দাও:-

৫X২=১০

ক) টীকা লেখো:- ভবভূতির উত্তররামচরিত

খ) মুন্সী প্রেমচন্দ্রের গল্পগুলিতে তাঁর সমাজভাবনার কোন কোন দিক প্রকাশিত হয়েছে, গল্পগুলির নাম উল্লেখ করে সংক্ষেপে লেখো।

গ) ‘ইংলন্ডে বঙ্গমহিলা’ গ্রন্থটির গুরুত্ব সূত্রাকারে লেখো।

ঘ) “স্বদেশের উপর ঘৃণা জন্মাবার সূত্রপাত এইরকম করে হয়।” —প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর।